

## 250669 - রোয়াদারকে বিরক্ত করার জন্য তার কাছে পানি, জুস ও খাবারের ছবি পাঠানোর হ্রকুম

### প্রশ্ন

রোয়াদারদের সাথে মশকরা করার উদ্দেশ্যে সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে কিছু মেসেজের সংলাভ ঘটেছে। যেগুলোর ভেতরে ঠান্ডা পানি, বিভিন্ন পানীয় ও সুস্বাদু খাবারের ছবি বা ভিডিও ক্লিপ থাকে; যাতে করে তারা উত্ত্বক হয়। এই কাজ যে করে সে কি গুনাহগার হবে? নাকি এটি শরিয়তে অনুমোদিত মশকরার মধ্যে পড়বে?

### প্রিয় উত্তর

রোয়াদার দিনের বেলায় পানাহার বর্জনে আদিষ্ট। এটি আল্লাহ'র জন্য ও তাঁর কাছে সওয়াব লাভের আশা করা বাধ্যনীয়।

আল্লাহ' তাআলা বলেন: “আর তোমাদের কাছে কালো রেখা থেকে প্রভাতের সাদা রেখা স্পষ্ট না হওয়া পর্যন্ত (অর্থাৎ রাতের অন্ধকার চলে গিয়ে ভোরের আলো উত্তৃসিত না হওয়া পর্যন্ত) তোমরা পানাহার কর। এরপর রাত পর্যন্ত রোয়া পূর্ণ কর।”[সূরা বাকারা, আয়াত: ১৮৭]

আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “আল্লাহ' আয্যা ওয়া জাল্ল বলেন: রোয়া আমারই জন্য। আমিই এর প্রতিদান দিব। আমার কারণে সে তার যৌনচাহিদা ও পানাহারকে বর্জন করে।”[সহিহ বুখারী (৭৪৯২) ও সহিহ মুসলিম (১১৫১)]

তাই রোয়াদারের কাছে খাবার ও পানীয়ের ছবি পেশ করা যাতে করে সে উত্ত্বক হয় কিংবা তার নিয়তকে দুর্বল করা যায় কিংবা রোয়া ভেঙ্গে ফেলাকে তার কাছে সুশোভিত করা যায়- হারাম কাজ, শরিয়তের উদ্দেশ্য বিরোধী কাজ। এটি শয়তানের কর্ম; যে মুমিনকে হক্কের পথ থেকে বিচ্যুত করার জন্য প্রতিটি পথে ঘাপটি মেরে বসে থাকে। যেমনটি আল্লাহ' তাআলা বলেছেন: “শয়তান তাদের কাজকর্মকে তাদের কাছে শোভাময় করেছে এবং তাদেরকে সৎপথ থেকে বিচ্যুত করেছে; তাই তারা পথের সন্ধ্যান পাচ্ছে না।”[সূরা আন-নামল, আয়াত: ২৫]

এবং তিনি আরও বলেছেন: “সে বলল: যেহেতু (মানুষের কারণে) আপনি আমাকে বিপথে ঠেলে দিলেন তাই আমিও আপনার সরল পথে তাদের বিরুদ্ধে অপেক্ষমান থাকব। অতঃপর আমি তাদের কাছে আসব তাদের সামনে থেকে, তাদের পেছন থেকে, তাদের ডানাদিক থেকে ও তাদের বামাদিক থেকে; ফলে আপনি তাদের অধিকাংশকে কৃতজ্ঞ পাবেন না।”[সূরা আল-আরাফা, ১৬-১৭]

এই কাজটি যেহেতু হারাম; তাই কেউ যদি এটি ঠাট্টাছলে করে তাহলে সেটি মাকরুহ, এটি করা অনুচিত। বরং আল্লাহ'র নির্দেশনগুলোকে সম্মান করা, ফরজ আমলের মর্যাদা অবহিত হওয়া এবং এই ইবাদত পালনে উৎসাহিত করা বাধ্যনীয়। হতে পারে এই ধরণের ছবিগুলো দুর্বল ঈমানদারদেরকে রোয়া ভেঙ্গে ফেলতে প্রচুর করবে। তখন ঠাট্টাকারী এর পাপ বহন করবে।

আর যদি সত্য সত্য রোয়াদারকে উত্ত্যক্ত করা উদ্দেশ্য হয়; যাতে করে সে উত্ত্যক্ত হয় যে সে এই সুস্থানু খাবার থেকে বঞ্চিত কিংবা তার নিয়তকে দুর্বল করার জন্য কিংবা রোয়া ভেঙ্গে ফেলাকে সুশোভিত করার জন্য; তাহলে এটি করা হারাম কাজ; যেহেতু এটি শরিয়তের উদ্দেশ্যের সাথে সাংঘর্ষিক যেমনটি ইতিপূর্বে বলা হয়েছে এবং যেহেতু এটি পাপের দিকে আহ্বান।

আল্লাহই সর্বজ্ঞ।